



শ্রেণি - ৯ম

বিষয়ঃ সাইন অব লিভিং

সময়ঃ ১ ঘণ্টা

তারিখঃ ২৭-০৬-২০২০

## সকাল শোয় সকাল ওঠে তার কড়ি বৈদ্য না লুটে

বিজ্ঞান আর প্রযুক্তির নিয়ন্তুন আবিষ্কার আমাদের জীবনকে বিভিন্নভাবে অনেক সহজ করে তুলেছে। সেইসাথে একটু একটু করে বদলে দিয়েছে আমাদের জীবনযাপনের ধারাকেও। ফলে সময়ের সাথে সাথে অনেক অ্যাচিত জীবনাচারেও অভ্যন্ত হয়ে পড়েছি আমরা। আকাশে ভোরের আলো ফুটতেই জেগে ওঠা ছিল আমাদের সাধারণ অনুষঙ্গ, কিন্তু আমাদের অনেকের জীবনেই এটি আজ আর তেমন গুরুত্ব বহন করে না।

## যারা রাত জাগেন তারা বাড়িয়ে চলেছেন নিজেদের স্বাস্থ্যবুঁকি

জরুরি কাজ শেষ করতে দেরি হওয়া কিংবা রাত জাগা-কদাচিৎ এমনটা হতেই পারে। কিন্তু দিনের পর দিন যারা রাত জাগেন, বেশিরভাগ ক্ষেত্রেই তা ঘটে থাকে অকারণে। আমেরিকান কলেজ অব কার্ডিওলজির ৫৮ তম বার্ষিক সম্মেলনে একটি গুরুত্বপূর্ণ গবেষণা-প্রতিবেদন উপস্থাপন করা হয়। এতে বলা হয়েছে, রাত জাগেন বা প্রায়ই মধ্যরাত পার করে ঘুমোতে যান যারা, তাদের হৃৎপিণ্ডের রক্তনালীর প্রসারণ-ক্ষমতা কমে যায় এবং তারা অকালে হার্ট অ্যাটাকের ঝুঁকিতে থাকেন। “Night owls may face higher heart risk” শিরোনামে ২০০৯ সালের মার্চ- এ রিপোর্টটি এবিসি নিউজে প্রকাশিত হয়।

এছাড়াও প্রায়ই রাত জেগে টিভি দেখা কিংবা রাত করে নতুন নতুন সিনেমা দেখার অভ্যাস যাদের, দেখা যায় মেটাতে সে সময়টাতে তারা বিভিন্নরকম মুখরোচক স্ন্যাক্স খেতে অভ্যন্ত হয়ে পড়েন। আর এতে দেহে বাড়তি ওজন এবং রক্তে ক্ষতিকর কোলেস্টেরল বাড়ার ঝুঁকি থাকে। রাত জাগার ফলে বিভিন্ন রকম স্বাস্থ্যবুঁকির অন্যতম কারণ হলো, এতে শরীরের স্বাভাবিক জৈবচৰ্বন্দি ব্যাহত হয় এবং মেলাটোনিন ও কটিসলসহ কিছু হরমোন প্রবাহে ছন্দপতন ঘটে।

## দেরিতে দিন শুরু হলে

দেরিতে দিন শুরু হয়? প্রায়ই ভাবেন ভোরে উঠবেন, কিন্তু এলার্ম বন্ধ করে অলস গড়াগড়ির অভ্যাস? তারপর স্কুল - কলেজ যাওয়ার টায় টায় একটু আগে উঠে নাকে মুখে কিছু গুঁজে দিয়ে পড়িমিরি করে 'দে ছুট' তারপর হাঁপাতে হাঁপাতে ক্লাসে ঢোকেন? এ কি আপনার নিত্য নৈমিত্তিক ঘটনা ?

বিজ্ঞানীরা বলছেন, আপনার দিনটা কিন্তু শুরুই হল "ফাইট অর ফ্লাইট রেসপন্স" এর মধ্যে দিয়ে। ঠিক সময়ে গতব্যে পৌঁছানোর এই হড়াহড়ি আপনার নার্ভাস সিস্টেমের উদ্বৃত্তি বাড়িয়ে তোলে। ফলে দিনের শুরুতেই আপনার মধ্যে তৈরি হয় স্ট্রেস। আর নিশ্চিতভাবেই এর প্রভাব পরে আপনার কাজে। জুন ২০১৩ এর অনলাইন চিকিৎসা - সাময়িকী "হেলথ টুডে" তে একটি গবেষণা - প্রতিবেদন প্রকাশিত হয় - life extreams: Early birds vs night owls. রিপোর্টে বলা হয়, এ দুয়ের মধ্যে ভোরে ঘুম থেকে উঠেন যারা, যেকোনো আবেগীয় প্রতিক্রিয়ায় তারা অধিকতর ভারসাম্যপূর্ণ ও তুলনামূলকভাবে আনন্দময়ও বটে।

## দিন শুরু হোক ভোরের আলোয়

ইউনিভার্সিটি অব অ্যারিজোনার সেন্টার ফর ইন্টিগ্রেটিভ মেডিসিনের প্রতিষ্ঠাতা ও পরিচালক প্রফেসর ডাঃ এন্ড্রু ওয়েলস। ২০১২ সালে তিনি একটি গবেষণা - কার্যক্রম পরিচালনা করেন। সেই রিপোর্টে বলা হয়েছে, রাতে তাড়াতাড়ি ঘুমাতে যান আর ভোরে জেগে উঠেন যারা, তারা অন্যদের চেয়ে তুলনামূলকভাবে বেশি সুস্থান্ত্রের অধিকারী। তাদের ওজনও থাকে নিয়ন্ত্রণে। শুধু তাই নয়, ২০০৮ সালে টেক্সাস বিশ্ববিদ্যালয়ের একটি গবেষণায় দেখা গেছে, যারা ভোরে উঠে তাদের কর্মদক্ষতা অন্যদের চেয়ে বেশি। আর ছাত্রছাত্রীদের মধ্যে যাদের এই অভ্যাসটি আছে পরীক্ষার ফলাফলেও তারা তুলনামূলক ভালো গ্রেডে উত্তীর্ণ হয়েছেন। এবং এদের মনও সবসময় আনন্দ ও আশাবাদে পূর্ণ। অন্যদিকে রাত জেগে দেরিতে দিন শুরু করা লোকেরা প্রায়ই হতাশা, নৈরাশ্যবাদ, বিষণ্ণতা এবং কখনো কখনো স্নায়বিক দুর্বলতায় আক্রান্ত হন।

## আলস্য জীবনের প্রথম শক্তি

কর্মব্যস্ত দিনের শেষে অকারণে রাত না জেগে সকাল সকাল শুয়ে পড়ুন। ভালো একটা ঘুম হোক। ভোরে জেগে ওঠা সহজ হবে তাতে। ভোরের প্রথম আলো দেখে দিন শুরু হোক আপনার। ভোরে জেগে ওঠা সহজ হবে যখন জানবেন ঘুম থেকে কেন উঠবেন, উঠেই বা কি করবেন। তাই ঠিক করুন দিনের কর্মপরিকল্পনা, আর তা মনকে শুনান বার বার। আপনি ও পারবেন তাহলে। ভোরে ঘুম থেকে উঠেন যারা, মেডিটেশন হাঁটা ব্যায়াম ও প্রাণায়মের জন্যে তারা পর্যাপ্ত সময় পান। সারাদিন একটা চনমনে সুখানুভূতি হয় তাদের নিত্যসঙ্গী। স্বাভাবিকভাবে তারা হয়ে উঠেন সুস্থান্ত্রের অধিকারী। ভোরে দিন শুরু করায় অনেকটা সময় পাবেন, কাজগুলো করতে পারবেন

গুছিয়ে। কাজের মানও ভালো হবে। কাজের গুরুত্ব অনুসারে কর্মপরিকল্পনার জন্য পাবেন বাড়তি সময়। দিন শেষে দেখবেন আপনার কাজের পরিমাণও ছিল অনেক। আর সব কাজ ধীরে সুস্থে গুছিয়ে করতে পারবেন বলে স্ট্রেসের আগ্রাসন থেকে থাকবেন মুক্ত।

## প্রশ্ন

১. মানুষের শরীরে একটি প্রাকৃতিক ছন্দ বা দেহ ঘড়ি রয়েছে যার ছন্দ হচ্ছে রাতে ঘুম আর দিনে কাজ। রাতে জাগার ফলে হরমোন পরিবর্তন, দেহের তাপমাত্রায় রদবদল, মেজাজ ও মন্তিকের কাজকর্মে ব্যাপক প্রভাব পড়তে দেখা যায়। যুক্তরাজ্যের স্লিপ রিসার্চ সেন্টারের গবেষকেরা সাম্প্রতিক এক গবেষণায় দেখেছেন, রাত জেগে কাজের যে কুফল তা গভীরতর আণবিক স্তরে পরিলক্ষিত হয়। রাত জাগার ক্ষতির পরিমাণ গবেষকেদের কাছে আশ্চর্যজনক মনে হয়েছে।

রাত জাগার ফলে আমাদের শরীরে কি কি ধরনের রোগ হতে পারে এবং ভোরে আলোয় দিন শুরু করার সুফল ১০ টি পয়েন্টে লিখ?

২. ভোরে জেগে ওঠা সহজ হবে যখন জানবেন ঘুম থেকে কেন উঠবেন, উঠেই বা কি করবেন। তাই ঠিক করুন দিনের কর্মপরিকল্পনা, কিন্তু এই মহামারিতে স্কুল বন্ধ থাকায় আমাদের প্রাত্যাহিক দিনের কর্মপরিকল্পনায় ব্যাধাত সৃষ্টি হয়েছে।

একজন শিক্ষার্থী হিসেবে এই মহামারি কালীন সময়ে আমাদের কর্মপরিকল্পনা কেমন হওয়া উচিত ব্যাখ্যা কর এবং কোথাও ক্রটি থাকলে তা নিরূপণের উপায় লিপিবদ্ধ কর ?

৩. সাকিব এবং তামিম দুই বন্ধু। তারা ৯ম শ্রেণির ছাত্র। সাকিব প্রতিদিন ভোরে ঘুম থেকে উঠে তার প্রতিদিনের কাজ শুরু করে। সাকিব প্রতিদিন স্কুলের এসাইনমেন্ট সময়মত সাবমিট করে। অন্যদিকে মহামারিতে স্কুল বন্ধ থাকায় সাকিবের বন্ধু তামিম রাত জেগে মুভি দেখে ঘুমের সময় নষ্ট করে ফলে বিষণ্ণতা আর হতাশায় ডুবে যাচ্ছে। একদিন হঠাৎ সাকিব ফোন দিয়ে জানতে চাইল তামিম কেমন আছে। তামিম বলল, ‘তার ঘুম হচ্ছে না ঠিকমতো, খাওয়ার রুটি হারিয়ে গেছে।’ তখন সাকিব বলল, ‘আসল রহস্য হল “Early to bed and Early to rise; Makes a man Healthy Wealthy and Wise”. তুমি এটা অনুসরণ কর দেখবে সব ঠিক হয়ে যাবে।’

ক) সাকিব এবং তামিমের মধ্যে মূল পার্থক্য কোথায়?

খ) তামিমকে সাকিব কী অনুসরণ করতে বলেছে তা ৫টি পয়েন্টে ব্যাখ্যা কর।

\* \* \* \* আগামী বৃহস্পতিবার (০২-০৭-২০২০) এর মধ্যে উন্নরপত্র সাবজেক্ট টিচার এর ইমেইল এড্রেস এ সাবমিট  
করতে হবে, ইমেইল এর সাবজেক্টে নিজের নাম এবং ক্লাশ অবশ্যই লিখতে হবে\* \* \*

**Subject Teacher : Junayed Hossain Chowdhury**

Email: [junayedtishad@gmail.com](mailto:junayedtishad@gmail.com)